

# করণীয় ও অকরণীয়
# যদি আপনি একটি সাপ দেখতে পান

## কী করবেন!

- এটা জানা গুরুত্বপূর্ণ যে ভারতে বিপুল সংখ্যক সাপ নির্বিষ। এখানে মাত্র চারটি অত্যন্ত বিষাক্ত প্রজাতি রয়েছে: স্পেকট্যাকলড কোবরা, ভারতীয় ক্রাইট, রাসেল'স ভাইপার, এবং স-স্কেলড ভাইপার
- গাছপালার ডাল লাঠি হিসেবে চালান বা মাঠে কাজ করার আগে মাটিতে মৃদু আঘাত দিন। এটি সাপকে সতর্ক করবে এবং যদি সাপ থাকে তাড়িয়ে দেবে
- গাছের গুড়ির ওপরে হাটা বা তার ওপর বসার আগে গাছের গুড়ির চারপাশ পরীক্ষা করুন। সন্ধ্যায় আলো নিয়ে বের হবেন
- রাতে ঘোরাঘুরির সময় আলো ব্যবহার করুন বিশেষ করে নোংরা রাস্তা এবং মাটির রাস্তায়। ফসল কাটার সময় ও কৃষকদের সতর্কতা অবলম্বন করা উচিত
- সাপের দিকে নজর রাখার সময় তার থেকে দূরত্ব বজায় রাখুন, সাধারণত সাপ নিজের থেকে স্থান ছেড়ে চলে যায়। যদি তা না হয় উদ্ধারকারী দলকে অবহিত করুন এবং উদ্ধারকারী দল না আসা পর্যন্ত সাপের ওপর নজর রাখুন
- সাপের কামড়ের ক্ষেত্রে শান্ত থাকুন এবং বিষ প্রতিরোধক আছে এমন নিকটস্থ হাসপাতালে দ্রুত যান। যদি সম্ভব হয় সনাক্তকরণের জন্য সাপের রঙ এবং শরীরের ধরন মনে রাখার চেষ্টা করুন
- সাপের কামড়ের ক্ষেত্রে আক্রান্ত অঙ্গটি স্থির করুন এবং সেটি হৃদয়ের নিচে রাখুন, শেষে একটি আলগা ব্যান্ডেজ দিয়ে ঢেকে দিন
- ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে হাসপাতালে নিয়ে যাওয়ার সময় ডান পা ভাঁজ করে তার বাম দিকে ঘুরিয়ে দিন। এটি দম বন্ধ করা থেকে রক্ষা করবে
- বাড়িতে সাপ ঢুকলে সাপ উদ্ধারকারী, এনজিও বা বনবিভাগ এর ফোন নাম্বারে ফোন করুন
- ইঁদুর এবং সাপকে দূরে রাখতে সূক্ষ্ম তারের জাল দিয়ে দরজা, জানালার এবং খোলা ফাটল ঢেকে দিন
- যেখানে নর্দমা জলমগ্ন হয়ে যায়, জল নিকাশ পাইপের খোলা গুলি জাল দিয়ে বন্ধ করে দিন যাতে সাপ ঢুকতে না পারে
- সাপের জন্য বর্ষাকালে স্নানকক্ষ এবং কোমড ব্যবহার করার আগে পরীক্ষা করুন

## কী করবেন না!

- সাপ দেখে ভয় পাবেন না বা দেখলেই মেরে ফেলার চেষ্টা করবেন না, কারণ বেশিরভাগ সাপই নির্বিষ এবং নিরীহ হয়। প্রকৃতপক্ষে তারা প্রধানত ইঁদুর খায় এবং তাদের জনসংখ্যা নিয়ন্ত্রণে সহায়তা করে
- সাপের কামড় এড়াতে কৃষি ক্ষেত্রে বা চা কফি বাগানে খালি পায়ে কাজ করবেন না প্রতিরক্ষামূলক জুতো এবং বর্ম পরুন
- মেঝেতে ঘুমোবেন না; খাটে ঘুমান, মেঝেতে ঘুমোতে হলে চারদিকে মশারি লাগিয়ে ঘুমান
- বাড়িতে খাদ্যশস্য খোলা রাখবেন না কারণ এটি ইঁদুরকে আকৃষ্ট করতে পারে, যা আপনার বাড়িতে সাপকে আকর্ষণ করে
- সাপকে দেখতে বা তার চারপাশে জড়ো হতে যাবেন না কারণ সাপটি প্রতিরক্ষা আক্রমণ করতে পারে
- সাপের কামড়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে এদিক ওদিক দৌড়াতে দেবেন না। সাপে কামড়ালে ক্ষত জায়গাটি কাটবেন না, পোড়াবেন না বা চুষবেন না, অঙ্গটি শক্তভাবে বেঁধে রাখবেন না কারণ এটি রক্ত সঞ্চালনকে গ্রাস করতে পারে এবং অঙ্গ হারাতে পারে
- আতঙ্কিত হবেন না এবং চিকিৎসার সহায়তা পেতে দেরি করবেন না, চিকিৎসার জন্য কোন তান্ত্রিক বা সর্পের কাছে যাবেন না কারণ এতে আপনার জীবন নষ্ট হতে পারে
- ক্ষতিগ্রস্ত ব্যক্তির শরীরে আটোসাটো জিনিস রাখবেন না কারণ অঙ্গটি ফুলে গেলে তাতে চামড়া কেটে যেতে পারে
- নিজে সাপ সামলাবেন না বা ধরার চেষ্টা করবেন না কারণ এভাবেই অনেক মানুষেরা সাপের কামোড় খায়
- পেশাদার সাপ ধরা কারীদের কাছে সাপ উদ্ধারের দায়িত্ব দিয়ে দেবেন। সাপ ধরার চেষ্টা করবেন না
- উদ্ধার অভিযানের ছবি ও ভিডিও তোলার চেষ্টা করবেন না। সাপ উদ্ধারকারীদের পর্যাপ্ত জায়গার অনুমতি দিন এবং তাদের চারপাশে ভিড় করবেন না
- জলনিকাশ পাইপ খোলা রেখে দেবেন না কারণ বর্ষাকালে এটি ব্যবহার করে সাপ আপনার বাড়িতে প্রবেশ করতে পারে

ভারতে মানব-বন্যপ্রাণী সংঘাত প্রশমনে ইন্দো-জার্মান সহযোগিতা
২০১৭-২০২৩
একটি সমন্বয়পূর্ণ সহাবস্থান গ্রহণে
ভারতে মানব-বন্যপ্রাণী সংঘাত প্রশমনের পদ্ধতি